



## নব বর্ষের উপহার

হারুন রশীদ আজাদ

তুমি যে-ই হও আমার নব বর্ষের ফুল তোমাকে দিলাম ,  
তুমি আদরে ,কি অনাদরে হাত বাড়িয়ে নাও !  
শুভ এদিনে সুন্দরমনে ,চোখে চোখে শুধু চাও ,  
আমার হৃদয়ের সব ভালবাসা নিয়ে একবার হাত বাড়াও ।  
শুভ নব বর্ষে আমাকে শুধু শান্তনা দাও ,  
আমার সব ভালবাসাবাসি উজার করে নাও !

আমি ধরে নিলাম তুমি অবলা , অপয়া ,কিংবা বাকরুদ্ধ ,  
আমি তবুও খুশী ,তোমার অপারগতায় হবোনা কখনো ক্ষুব্ধ ।  
আমি পিপাসিত পথিক , তুমি অবিরত ধারায় তৃষ্ণ মিটানো জলধার ,  
তুমি নির্বাপন কর জলন্ত অগ্নি তাই তুমি শ্রেষ্ঠ দেবতার ।

শুভবর্ষের ফুল গুলি তাই তোমাকে দিলাম ,  
বিনিময়ের শর্তটাও তুলে নিলাম ,  
তুমি যে-ই হও আমার আদরের ফুলগুলি তোমাকে দিলাম !!

azad.banglamedia@gmail.com

